



পায়রা বন্দর কর্তৃপক্ষ

আল-আমিন মিলেনিয়াম টাওয়ার (লেভেল-৭), ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা ১০০০।

www.ppa.gov.bd

E-mail: payraport@ppa.gov.bd, Fax : 02-9349175

নথি নং-১৮.২১.৭৮৬৬.০১৩.২৯.০৬৪.১৯-২০৪২

তারিখ-০৭/১১/২০১৯ খ্রিঃ।

বিশেষ সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর কর্তৃক প্রকাশিত “আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-১১” মোতাবেক পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় ‘বুলবুল’ আরও সামান্য উত্তর-উত্তর পশ্চিম দিকে অগ্রসর হয়ে একই এলাকায় (১৪.৬° উত্তর অক্ষাংশ এবং ৮৯.০° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ (০৭ নভেম্বর ২০১৯) সকাল ০৯ টায় পায়রা সমুদ্র বন্দর থেকে ৮৩৫ কিঃ মিঃ দক্ষিণে অবস্থান করছিল। এটি আরও ঘনীভূত হয়ে উত্তর-উত্তর পশ্চিম দিকে অগ্রসর হতে পারে। এ লক্ষ্যে পায়রা সমুদ্র বন্দরকে ০২ (দুই) নম্বর (পুনঃ) ০২ (দুই) নম্বর দূরবর্তী হুঁশিয়ারি সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

এমতাবস্থায়, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত পায়রা বন্দরে অবস্থানরত সকল জাহাজ/নৌযান সমূহকে বন্দর সীমানার বাহিরে নিরাপদ স্থানে অবস্থান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্যাপ্টেন এস এম শরিফুর রহমান

হারবার মাস্টার

পায়রা বন্দর কর্তৃপক্ষ